# বাংলাদেশ ইনস্টিটিউট অব লেবার স্টাডিজ- বিল্‌স

বাড়ি ২০ (৪র্থ তলা), সড়ক ১১ (নতুন), ৩২ (পুরাতন), ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা-১২০৯
ফোন: +০৮৮-২-৪৮১১৮৮১৫, ৪৮১১৩৭৫৪, ৫৮১৫১৪০৯, ৫৮১৫১৩৯৪, ফ্যাক্স: +৮৮০-২-৫৮১৫২৮১০, E-mail : bils@citech.net

www.bilsbd.org


তারিখ : ৯ মার্চ ২০২১

প্রেস বিজ্ঞপ্তি

## যথাযথ মর্যাদায় দেশের বিভিন্ন স্থানে বিল্‌স এর উদ্যোগে আন্তর্জাতিক নারী দিবস ২০২১ উদযাপন

"করোনাকালে নারী নেতৃত্ব, গড়বে নতুন সমতার বিশ্ব" এই শ্লোগানকে সামনে রেখে আন্তর্জাতিক নারী দিবস ২০২১ উদ্‌যাপন উপলক্ষে ৮ মার্চ ২০২১ বাংলাদেশ ইনস্টিটিউট অব লেবার স্টাডিজ-বিল্‌স এর উদ্যোগে ঢাকা শহ দেশের বিভিন্ন স্থানে বিভিন্ন কর্মসূচি অনুষ্ঠিত হয়।

**ছাতা র‍্যালি, আলোচনা সভা ও কবি গান:** আন্তর্জাতিক নারী দিবস ২০২১ উপলক্ষে ৮ মার্চ, ২০২১ সকালে রাজধানীর মুক্তাঙ্গন থেকে একটি ছাতা ও ট্রাক র‍্যালির আয়োজন করা হয়। বিকেলে জাতীয় জাদুঘরের বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মিলনায়তনে বিল্‌স এর সিকিউরিং রাইটস্ অব উইমেন ডমেস্টিক ওয়ার্কাস ইন বাংলাদেশ (সুনীতি প্রকল্প) আয়োজিত আলোচনা অনুষ্ঠান ও গৃহকর্মী সুরক্ষা ও কল্যাণ নীতি, ২০১৫ এর ওপর কবি গান পরিবেশনা অনুষ্ঠিত হয়।

বিল্‌স এর যুগ্ম মহাসচিব ডাঃ ওয়াজেদুল ইসলাম খানের সভাপতিত্বে এবং বিল্‌স পরিচালক নাজমা ইয়াসমীন এর সঞ্চালনায় আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি'র সদস্য শামসুন্নাহার ভূঁইয়া, এমপি। কবি গান পরিবেশন করেন বাউল প্রচার সংস্থা'র আলম দেওয়ান ও তার দল। রাজধানীর বিভিন্ন এলাকার শতাধিক গৃহশ্রমিক, সংগঠক, ট্রেড ইউনিয়ন নেতৃবৃন্দ, নাগরিক সমাজের নেতৃবৃন্দ এবং উন্নয়ন সংগঠনসমুহের প্রতিনিধিবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

শামসুন্নাহার ভূঁইয়া, এমপি বলেন, নারীর অধিকার কোন দয়া নয়, এটি তার প্রাপ্য। গৃহশ্রমিকরাও আমাদেরই বোন বা আত্মীয় স্বজন তাই তাদের অধিকার ও মর্যাদা নিশ্চিত করতে হবে। এর জন্য ঐক্যবদ্ধভাবে সকলকে কাজ করতে হবে। শ্রম আইন সংশোধন হচ্ছে উল্লেখ করে তিনি বলেন, গৃহশ্রমিকদের শ্রম আইনে অন্তর্ভূক্ত করতে প্রয়োজনে প্রধানমন্ত্রীর কাছে আবেদন করা হবে।

**চট্টগ্রামে আলোচনা সভা ও র‍্যালি:** দেশে ফিরে আসা অভিবাসী নারী শ্রমিকদের আর্থ সামাজিক অবস্থা পূণর্বাসনে সংশ্লিষ্টদের করণীয় শীর্ষক আলোচনা সভা জে এম হল, চট্টগ্রামে অনুষ্ঠিত হয়। বিএফটিইউসির রেখা রানী বড়ুয়া'র সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষাবিদ তহুরিন সবুর। বিশেষ অতিথি ছিলেন আইসিএমপিডির কান্ট্রি ডিরেক্টর মো: ইকরাম হোসেন, বিলস-এলআরএসসি পরিচালনা কমিটির চেয়ারম্যান এ এম নাজিমউদ্দিন। আরো বক্তব্য রাখেন জেলা টিইউসি সভাপতি তপন দত্ত, বিল্‌স এর উপ পরিচালম এম এ মজিদ প্রমুখ। এছাড়া নারীর অধিকার, সমতা ও মর্যাদা নিশ্চিত করার দাবিতে নগরীর প্রেসক্লাব চত্বরে নারী জমায়েত, র‍্যালি অনুষ্ঠিত হয়। বিল্‌স এলআরএসসি পরিচালনা কমিটির সভাপতি এ এম নাজিম উদ্দিনের নেতৃত্বে র‍্যালিতে শতাদিক নারী শ্রমিক ও ট্রেড ইউনিয়ন নেতৃবৃন্দ অংশগ্রহণ করেন।

**যশোরে আলোচনা সভা:** বিল্‌স এর উদ্যোগে আলোচনা সভা উপজেলা কনফারেন্স রুম, চৌগাছা, যশোরে অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা ইউএনও প্রকৌশলী মো: এনামুল হক।

**ফরিদপুরে আলোচনা সভা:** বিল্‌স এর উদ্যোগে আলোচনা সভা জসিম উদ্দিন হল, ফরিদপুরে অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ফরিদপুর জেলা প্রশাসক অতুল সরকার।

**মানিকগঞ্জে মানববন্ধন ও আলোচনা সভা:** বিল্‌স এর উদ্যোগে মানিকগঞ্জে আলোচনা সভা ও মানবন্ধন অনুষ্ঠিত হয়। মানববন্ধনে বক্তারা বিদেশ গমনেচ্ছু নারী অভিবাসী শ্রমিকদের দক্ষতা উন্নয়ন ও ভাষা শিক্ষার বিষয়ে অধিকতর গুরুত্ব দিয়ে স্থানীয় এলাকা পর্যায়ে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করা; বিদেশ ফেরত নারী অভিবাসী শ্রমিকদের সামাজিক ও অর্থনৈতিকভাবে পুণঃর্বাসনের জন্য কার্যকর উদ্যোগ গ্রহণ ও কার্যক্রম বাস্তবায়ন করার দাবি জানান।

ধন্যবাদান্তে.


**মামুন অর রশিদ**
তথ্য কর্মকর্তা, বিল্‌স
০১৯১৪৮৯১২২৩